

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনসংযোগ অধিশাখা
www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-

তারিখ: ২২ মে, ২০২২ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

মাদারীপুর জেলার কালকিনি উপজেলার পূর্ব এনায়েতনগর ইউনিয়ন পরিষদের নির্বাচনে ১৭ মে ২০২২ তারিখে মনোনয়নপত্র দাখিলের সময় কতিপয় দুষ্কৃতকারী চেয়ারম্যান পদে মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক একজন ব্যক্তিকে বাঁধা প্রদান করেন এবং রিটার্নিং অফিসারকে শারীরিকভাবে লাঞ্চিত করা হয়। উক্ত ঘটনার পরিপ্রেক্ষিতে মাননীয় নির্বাচন কমিশন পূর্ব এনায়েতনগর ইউনিয়ন পরিষদের নির্বাচনি তফসিল স্থগিত করেন। সেই সাথে মাননীয় কমিশন বিষয়টি তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, মাদারীপুর, পুলিশ সুপার, মাদারীপুর ও সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে নির্দেশনা প্রদান করেন।

মাননীয় নির্বাচন কমিশন জেলা প্রশাসক, মাদারীপুর, পুলিশ সুপার, মাদারীপুর ও সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার কর্তৃক প্রতিবেদনে প্রাপ্ত বিভিন্ন তথ্য, দলিলাদি ও পর্যবেক্ষণ পর্যালোচনা করে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ এর ৩২৭ এর ধারা (৪) ও স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি (৩) এর বিধান অনুযায়ী দায়িত্ব পালনে ব্যর্থ হওয়ায় উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুরকে প্রত্যাহার করে তদস্থলে উপযুক্ত কর্মকর্তা পদায়নের জন্য নির্দেশনা প্রদান করেছেন।

এছাড়া, ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন চলমান অবস্থায় মাদারীপুর জেলার কালকিনি উপজেলার ভোটের সুষ্ঠু পরিবেশ রক্ষায় ব্যর্থ ও সরকারি দায়িত্বে অবহেলার দায়ে এবং সার্বিক পরিস্থিতি বিবেচনা করে প্রশাসনিক কারণে মাদারীপুর জেলার কালকিনি থানার অফিসার ইনচার্জকে প্রত্যাহার করে তদস্থলে উপযুক্ত কর্মকর্তা পদায়ন করার জন্যও মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

মাদারীপুর জেলার কালকিনি উপজেলার পূর্ব এনায়েতনগর ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন যে পর্যায় হতে স্থগিত করা হয়েছিল যে পর্যায় হতে নিম্নরূপ সময়সূচি অনুযায়ী আগামী ১৫ জুন ২০২২ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

পরিবর্তিত সময়সূচি : মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ: ২৩ মে ২০২২, মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ


২৪ মে ২০২২, আপিল দায়েরের তারিখ: ২৫-২৭ মে ২০২২, আপিল নিষ্পত্তির তারিখ : ২৮মে ২০২২, প্রার্থীতা
প্রত্যাহার: ২৯ মে ২০২২, প্রতীক বরাদ্দ: ৩০ মে ২০২২, ভোটগ্রহণের তারিখ: ১৫ জুন ২০২২
উল্লেখ্য, এ নির্বাচনে ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র দাখিল করেছেন তাদের নতুন করে আর মনোনয়নপত্র দাখিলের
প্রয়োজন নেই মর্মেও মাননীয় কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

মনোনয়নপত্র দাখিলে বাঁধা প্রদান, মনোনয়নপত্র দাখিলকালে বিশৃঙ্খলা সৃষ্টি ইত্যাদি অপরাধমূলক কর্মকান্ড
সংঘটনের জন্য কালকিনি উপজেলার পূর্ব এনায়েতনগর ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী
জনাব মাহাবুব আলম এর বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না এই মর্মে কারণ দর্শানোর জন্যও মাননীয়
কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

মেহেরপুর পৌরসভা নির্বাচন

আগামী ১৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠেয় মেহেরপুর পৌরসভা নির্বাচনে আচরণ বিধি ভঙ্গ করে নির্ধারিত
সময়ে আগেই নির্বাচনি প্রচারণা চালানোর দায়ে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জনাব মোঃ মাহফুজুর
রহমান (রিটন) কে সতর্ক করা হয়েছে।

জনাব মাহফুজুর রহমান এর নির্বাচনী আচরণবিধি ভঙ্গের বিষয়টি তদন্ত করে সত্যতা পাওয়া যায় এবং
প্রার্থী নিজেও আচরণবিধি ভঙ্গের বিষয়ে স্বীকারোক্তি প্রদান করেছেন। ভবিষ্যতে এ ধরনের অপরাধ না করার
অঙ্গীকার এবং এ ধরনের ঘটনা পুনরাবৃত্তি না হওয়ার শর্তে নির্বাচন কমিশন তাকে সতর্ক করছে।


(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (সিসি)
ফোন: ৫৫০০৭৫২০